

# Live MCQ English Wizard Curriculum

## Course Mentor and Live MCQ English Adviser



জনাব সালেহ আহমদ

৩৫তম বিসিএস (সাধারণ শিক্ষা)

প্রভাষক, ইংরেজি বিভাগ

মৌলভীবাজার সরকারি কলেজ।

### English Wizard নির্দেশনাঃ

English Grammar, Math এবং Vocabulary এর প্রস্তুতি অন্যান্য বিষয়ের প্রস্তুতির চেয়ে ব্যতিক্রম। মূল পরীক্ষায় ভালো করতে হলে এই বিষয়গুলো প্রতিদিন অল্প অল্প করে দীর্ঘদিন অনুশীলন করে যেতে হবে। একদিন হঠাৎ পড়তে বসে সব মুখস্থ করে ফেলব, এমনটা এক্ষেত্রে কাজ করবে না। তাই, **Live MCQ** এর অন্যান্য বাটনের নিয়মিত পড়ার পাশাপাশি দিনের একটা নির্দিষ্ট সময় এখানে দিতে হবে। English Wizard, Math Master এই ২টা বাটনের জন্য প্রতিদিন ১ থেকে ২ ঘন্টা সময় দেয়া উচিত। **English Wizard** এঃ

- পুরো সিলেবাসের সকল টপিক কাভার করে অন্তত **৪৫টিরও বেশি (মোট ২৫ ঘন্টারও বেশি) ভিডিও লেকচার** দেয়া হবে।
- পুরো সিলেবাসকে টপিক অনুসারে ভাগ করে **মোট ২০টি প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে** প্রস্তুতি সম্পন্ন করা হবে। চক্রাকারে সারাবছর পরীক্ষা চলবে।

### কোর্স প্রসেস

ভিডিও লেকচার  
দেখুন

রুটিন অনুসারে  
পড়াশুনা করুন

প্রতিযোগিতামূলক  
পরীক্ষা দিন

**Live MCQ**-তে এই কারিকুলাম অনুসারে চক্রাকারে পরীক্ষা হয়। **এখানে শুরু বা শেষ বলে কিছু নেই। আপনি যেকোনো সময় প্রস্তুতি শুরু করতে পারবেন।** যখন এই তালিকার সব পরীক্ষা শেষ হবে, তখন কোন গ্যাপ না দিয়ে আবার প্রথম থেকে শুরু হবে। এভাবে সারাবছর চক্রাকারে চলবে। অর্থাৎ, আপনি মাঝে থেকে কোর্স শুরু করলেও কোন সমস্যা নেই।

আশা করি এই অপশনটি তথা বাটনটি অনুসরণ করলেই আপনারা বিসিএস, ব্যাংকসহ সকল চাকরির পরীক্ষায় ইংরেজিতে ভালো করার জন্য নিজেদেরকে প্রস্তুত করতে পারবেন।

## Salt of English/ Most Important Words

লবণ ব্যতীত যেমন বিশাল খাবারের আয়োজন পণ্ড হয়ে যায়, ইংরেজিতে তেমনি কতগুলো খুব গুরুত্বপূর্ণ শব্দ আছে যেগুলো না জানলে ইংরেজিতে ভালো করা কোন ভাবেই সম্ভব নয়। যদিও এখানে মাত্র ৫০০/৬০০ শব্দ আছে, কিন্তু ব্যবহারের দিক থেকে এগুলো হচ্ছে পুরো ইংরেজি ভাষার শব্দ ভাণ্ডারের এক তৃতীয়াংশ।

উদাহরণস্বরূপ, যদি একটি Composition এ ৩০০ Word থাকে, তাহলে দেখা যাবে নিচের শব্দগুলো থেকে কম করে হলেও ১০০টি Word আছে। শব্দগুলোর বেশিরভাগই আপনি পারেন; কিন্তু এ শব্দগুলোর ১০% না পারাও আপনাকে অনেক ভোগাতে পারে। অতএব, অত্যন্ত গুরুত্বের সাথে শব্দগুলো মুখস্থ করে নিতে হবে।

Pronouns							
Subjective		Objective		Possessive (Adjective)		Double Possessive (Pronoun)	
I	আমি	Me	আমাকে	My	আমার	Mine	আমার
We	আমরা	Us	আমাদেরকে	Our	আমাদের	Ours	আমাদের
You	তুমি	You	তোমাকে	Your	তোমার	Yours	তোমার
You	তোমরা	You	তোমাদেরকে	Your	তোমাদের	Yours	তোমাদের
He	সে	Him	তাকে	His	তার	His	তার
She	সে	Her	তাকে	Her	তার	Hers	তার
They	তারা	Them	তাদেরকে	Their	তাদের	Theirs	তাদের
It	এটা	It	এটাকে	Its	এটার	Its	এটার
They	এগুলো	Them	এগুলোকে	Their	এগুলোর	Theirs	এগুলোর

More Pronouns			
This	এই, এটা	Other	অন্য (দুইয়ের মধ্যে)
These	এগুলো	Another	অন্য (অনেকের মধ্যে)
That	ঐ, ওটা	Each other	একে অপরকে (দুইয়ের মধ্যে)
Those	ওগুলো	One another	একে অপরকে (অনেকের মধ্যে)
Such	এরূপ	Both	উভয়ে
So	এরূপ, ঐরূপ	Myself	আমি নিজে/ নিজেকে
That	যে, যা, যারা, যেগুলো	Ourselves	আমরা নিজেরা/ নিজেদেরকে
Some	কিছু, কোন এক	Yourself	তুমি নিজে/ নিজেকে
Any	যে কোন, কিছু (না বোধক বা প্রশ্নবোধক বাক্যে)	Yourselves	তোমরা নিজেরা/ নিজেদেরকে
None	কেউ না	Himself	সে নিজে/ নিজেকে
Each	প্রত্যেক, প্রত্যেকে	Herself	সে নিজে/ নিজেকে
Every	প্রত্যেক	Themselves	তারা নিজেরা / নিজেদেরকে
Either	দুইয়ের মধ্যে একটি/ একজন	Itself	এটা নিজে/ নিজেকে
Neither	দুইয়ের মধ্যে একটিও না/ একজনও না	Themselves	এগুলো নিজেরা/ নিজেদেরকে
Much	বেশি, অনেক	Oneself	একজন নিজে/ নিজেকে
Many	অনেক		

Preposition			
in	মধ্যে, এ, য়, তে, এতে	of	র, এর
into	মধ্যে, দিকে	on	উপরে
to	দিকে, প্রতি, কাছে, তে	up	উপরে, উপরের দিকে
for	জন্য, কারণে, [কারণ - Conj]	upon	উপরে
after	পরে, অনুসারে	upto / up to	(সর্বোচ্চ) ...পর্যন্ত
before	পূর্বে, সম্মুখে	down	নিচে, নিচের দিকে
beside	পাশে	about	সম্বন্ধে, প্রায়
besides	ছাড়াও, [তাছাড়া - Conj]	above	উপরে, অধিক, উপরের,
in front of	সম্মুখে	below	(সীমার) নিচে
by	দ্বারা, পাশে	over	উপরে, অধিক
with	দ্বারা, সাথে	under	নিচে
toward/ towards	দিকে, অভিমুখে	through	মধ্য দিয়ে
at	এ, য়, তে, এতে	in spite of	সত্ত্বেও
against	বিরুদ্ধে, ঠেস দিয়ে	despite	সত্ত্বেও
like	মত	past	অতিক্রম করে, অতীত (Noun)
unlike	মত নয়, মত না হয়ে	during	সময়ে
but	ছাড়া, [কিন্তু - Conj; কেবল - Adv]	since	থেকে, [যেহেতু, কারণ - Conj]
without	ছাড়া, ব্যতীত	between	(দুইয়ের) মধ্যে
out of	(ভেতর থেকে) বাইরে, (সমষ্টি) থেকে	among	(অনেকের) মধ্যে
		around/ round	চতুর্দিকে
off	দূরে, বিচ্ছিন্নতা বুঝাতে ব্যবহৃত হয় [away = দূরে - Adv]	beyond	(নাগালের) বাইরে

Conjunction			
and	এবং	as if	যেন মনে হয়
or	অথবা, নতুবা	as though	যেন মনে হয়
but	কিন্তু	because	যেহেতু, কারণ
if	যদি, কি না	as	যেহেতু, কারণ, যখন, যেভাবে
whether	কি না	since	যেহেতু, কারণ
in case	যদি	since	সময় বুঝাবে (বাংলা অর্থে আসবে না)
provided	যদি	after	পরে, অনুসারে
provided that	যদি	before	আগে, পূর্বে
providing that	যদি	no sooner had ... than	করতে না করতেই, হতে না হতেই
unless	যদি না	hardly had ... when	করতে না করতেই, হতে না হতেই
so ..... that	এতই যে ...	scarcely had ... when	করতে না করতেই, হতে না হতেই
so that	যাতে	as soon as	করতে না করতেই, হতে না হতেই
in order that	যাতে	nor	এটাও নয় যে
that (pro/ con)	যে, যা, যাতে	either ... or	হয়ত (এটা), না হয় (সেটা)

lest	যাতে না	neither ... nor	(এটা)ও নয়, (সেটা)ও নয়
though	যদিও	not only ... but also	কেবল (এটা)ই নয় (সেটা)ও
although	যদিও	such ... that	এরূপ যে ...

### WH Words (Can be used as Conjunction + Part of Speech given in the bracket)

who (pro)	কে, কারা, যে, যারা, কাকে, কাদেরকে, যাকে, যাদেরকে	how (adv)	কিভাবে, কেমন, কত যেভাবে, যেমন, যত
		how much	
whom (pro)	কাকে, কাদেরকে, যাকে, যাদেরকে	why (adv)	কেন, যে জন্য
whose (adj/ pro)	কার, যার, কাদের, যাদের	when (adv)	কখন, যখন
what (adj/ pro)	কী, যা, কোনগুলো, যেগুলো	where (adv)	কোথায়, যেখানে
which (adj/ pro)	কোনটি, যেটি, কোনগুলো, যেগুলো	while (adv)	যখন, সময়, (তুলনামূলক) যেখানে
what depth	কত গভীর	how many	কতগুলো
what length	কত দীর্ঘ	how much	কতটুকু
what kind	কোন প্রকারের	how long	কতক্ষণ
what type	কোন প্রকারের	how far	কত দূরে
what sort	কোন প্রকারের	how old	কত বয়স

### Other Most Used Words (অন্যান্য বহুল ব্যবহৃত শব্দসমূহ)

Carefully (adv)	যত্ন সহকারে	Fill (V)	পূরণ করা
Follow (V)	অনুসরণ করা	Insert (V)	প্রবেশ করানো
Following (adj/v)	নিচের, পরের, অনুসরণ করে	Vocabulary (N)	শব্দভাণ্ডার
Choose (V)	বাছাই করা, পছন্দ করা	Sensible (Adj)	বোধগম্য
Good (adj)	ভালো	Rearrange (V)	পুনরায় সাজানো
Better (adj)	অধিক ভালো	Sequence (N)	ধারাবাহিকতা
Best (adj)	সবচেয়ে ভালো	Think (V)	চিন্তা করা, মনে করা
Bad (adj)	খারাপ	Imagine (V)	কল্পনা করা
Worse (adj)	অধিক খারাপ	Right (Adj)	সঠিক
Worst (adj)	সবচেয়ে খারাপ	Wrong (Adj)	ভুল
Alternative (adj)	বিকল্প	Whether/if (Conj)	কি না
True (adj)	সত্য	Own (Adj)	নিজের
False (adj)	মিথ্যা	Form (N)	গঠন
If (conj)	যদি, কি না	From (Pre)	থেকে
Correct (adj)	সঠিক	Same (Pro/ Adj)	একই
Complete (V)	পরিপূর্ণ করা, সম্পূর্ণ করা	More (Adj)	অধিক
Information (N)	তথ্য	Much (Adj)	অনেক, বেশি
Data (N)	উপাত্ত	Many (Adj)	অনেক
Match (V)	মিলানো	Most (Pro/Adj/Adv)	অধিকাংশ, সবচেয়ে

Word (N)	শব্দ, কথা	Grammatical (Adj)	ব্যাকরণগত
Phrase (N)	শব্দগুচ্ছ	Change (V/N)	পরিবর্তন, পরিবর্তন করা
Clause (N)	খণ্ডবাক্য	Than (Conj/Pre)	থেকে, চেয়ে
Column (N)	সারি	Then (Adv)	তখন, তারপর
Short (Adj)	সংক্ষিপ্ত	Once (Adv/ Conj)	একদা, একবার, একবার যদি
Broad (Adj)	বড়, প্রশস্ত	Twice (Adv)	দুইবার, দ্বিগুণ
Summary (N)	সারমর্ম	Thrice (Adv)	তিনবার, তিনগুণ
Summarise (V)	সারমর্ম করা	Four times (Adv)	চারবার, চারগুণ
Select (V)	নির্বাচন করা	Five times (Adv)	পাঁচবার, পাঁচগুণ
Above (Pre/ Adv)	উপরে, অধিক, উপরের	List (N)	তালিকা
Note (N)	টীকা	Chart (N)	ছক
Suitable (Adj)	উপযোগী, যথাযথ, মানানসই	Topic (N)	বিষয়
Appropriate (Adj)	উপযোগী, যথাযথ, মানানসই	Subject (N)	বিষয়, প্রজা, অধীন; ব্যাকরণে: কর্তা, উদ্দেশ্য
Proper (Adj)	সঠিক, যথাযথ	Object (N)	বস্তু ব্যাকরণে: কর্ম
Make (V)	তৈরি করা	Subjective (Adj)	ব্যক্তিক (লেখক বা বক্তা নিজের মতামত দেন)
Gap (N)	শূন্যস্থান	Objective (adj)	নৈর্ব্যক্তিক (লেখক বা বক্তা নিজের থেকে কিছু যোগ করেন না)
Blank (N)	শূন্যস্থান	Feature (N)	বৈশিষ্ট্য
Comprehension (N)	বোধশক্তি	Characteristic (N)	বৈশিষ্ট্য
Comprehend (V)	বুঝা	Trait (N)	বৈশিষ্ট্য
Use (V/N)	ব্যবহার করা	Describe (V)	বর্ণনা করা
Put (V)	রাখা, দেওয়া	Depict (V)	বর্ণনা করা
Next (Pro/ Adj)	পরবর্তী	What kind (N)	কোন প্রকারের
Mean (V)	অর্থ দেওয়া, বুঝানো	What type (N)	কোন প্রকারের
Meaning (N)	অর্থ	What sort (N)	কোন প্রকারের
Substitution (N)	অন্যের স্থানে স্থাপন	Otherwise (Conj)	অন্যথায়
Negative (Adj)	নেতিবাচক ব্যাকরণে: না -বোধক	A (Adj)	একটি, যে কোন, প্রতি
Positive (Adj)	ইতিবাচক ব্যাকরণে: সাধারণ বিশেষণ	An (Adj)	একটি, যে কোন, প্রতি
Affirmative (Adj)	হ্যাঁ -বোধক	The (Adj)	- -টি

### Important Verbs with Conjugations

1.	do	করা	do - did - done (ডান)
2.	go	যাওয়া	go - went - gone (গন)
3.	beat	প্রহার করা	beat - beat - beaten
4.	bite	কামড়ানো	bite - bit - bitten
5.	choose	পছন্দ করা, বাছাই করা	choose - chose - chosen

6.	drink	পান করা	drink - drank - drunk
7.	eat	খাওয়া	eat - ate - eaten
8.	fly	উড়া, উড়ানো	fly - flew - flown
9.	like	পছন্দ করা	like - liked - liked
10.	play	খেলা	play - played - played
11.	play a role	ভূমিকা রাখা	play a role - played a role - played a role
12.	sing	গান গাওয়া	sing - sang - sung
13.	thank	ধন্যবাদ জানানো	thank - thanked - thanked
14.	think	চিন্তা করা	think - thought - thought (থিংক -থট -থট)
15.	imagine	কল্পনা করা	imagine - imagined - imagined
16.	suppose	ধরে নেওয়া	suppose - supposed - supposed
17.	draw	আঁকা, টানা, আকর্ষণ করা	draw - drew - drawn
18.	pull	টানা	pull - pulled - pulled
19.	bear	বহন করা, সহ্য করা	bear - bore - borne
20.	bear	জন্ম দেওয়া	bear - bore - born
21.	chide	বকুনি দেওয়া	chide - chid - chidden
22.	insult	অপমান করা	insult - insulted - insulted
23.	criticise	সমালোচনা করা	criticise - criticised - criticised
24.	give	দেওয়া	give - gave - given
25.	hide	লুকান	hide - hid - hidden
26.	hold	ধরা, অনুষ্ঠিত করা	hold - held - held
27.	know	জানা	know - knew - known
28.	throw	নিষ্ক্ষেপ করা	throw - threw - thrown
29.	run	দৌড়ানো	run - ran - run
30.	sit	বসা	sit - sat - sat
31.	speak	কথা বলা	speak - spoke - spoken
32.	stand	দাঁড়ানো	stand - stood - stood
33.	understand	বুঝতে পারা	understand - understood - understood
34.	swim	সাঁতার কাটা	swim - swam - swum
35.	take	লওয়া	take - took - taken
36.	fall	পতিত হওয়া	fall - fell - fallen
37.	wear	পরিধান করা	wear - wore - worn
38.	lie	শোয়া, অবস্থান করা	lie - lay - lain
39.	sleep	ঘুমানো	sleep - slept - slept
40.	cook	রান্না করা	cook - cooked - cooked
41.	build	নির্মাণ করা	build - built - built
42.	clean	পরিষ্কার করা	clean - cleaned - cleaned
43.	sell	বিক্রি করা	sell - sold - sold
44.	select	নির্বাচন করা, বাছাই করা	select - selected - selected
45.	cut	কাটা	cut - cut - cut

46.	put	রাখা	put - put - put
47.	read	পড়া	read - read - read (রীড - রেড - রেড)
48.	smile	(মুচকি) হাসা	smile - smiled - smiled
49.	laugh	(শব্দ করে) হাসা	laugh - laughed - laughed
50.	weep	(ফুপিয়ে ফুপিয়ে) কাঁদা	weep - wept - wept
51.	cry	(শব্দ করে) কাঁদা, চিৎকার করা	cry - cried - cried
52.	bind	বাঁধা	bind - bound - bound
53.	say	বলা	say - said - said
54.	tell	(কাউকে) বলা	tell - told - told
55.	wake	জাগা, জাগানো	wake - woke - woken
56.	awake	জাগা, জাগানো	awake - awoke - awoke
57.	drive	চালান	drive - drove - driven
58.	keep	রাখা	keep - kept - kept
59.	lead	পরিচালিত করা, নেতৃত্ব দেওয়া	lead - led - led
60.	load	বোঝাই করা	load - loaded - loaded
61.	meet	সাক্ষাৎ করা	meet - met - met
62.	rise	উঠা	rise - rose - risen
63.	burn	জ্বালানো	burn - burnt - burnt
64.	cheat	প্রতারণা করা	cheat - cheated - cheated
65.	cover	আবৃত্ত করা, ঢেকে দেওয়া	cover - covered - covered
66.	donate	দান করা	donate - donated - donated
67.	dream	স্বপ্ন দেখা	dream - dreamed - dreamed dream - dreamt - dreamt
68.	find	পাওয়া, খুঁজে পাওয়া	find - found - found
69.	found	প্রতিষ্ঠা করা	found - founded - founded
70.	grow	জন্মানো, বৃদ্ধি পাওয়া, পরিণত হওয়া	grow - grew - grown
71.	leave	ত্যাগ করা, চলে যাওয়া	leave - left - left
72.	live	বঁচে থাকা	live - lived - lived
73.	ride	চড়া, আরোহণ করা	ride - rode - ridden
74.	ring	ঘণ্টা বাজানো	ring - rang - rung
75.	translate	অনুবাদ করা	translate - translated - translated
76.	wash	ধৌত করা	wash - washed - washed
77.	apply	আবেদন করা, প্রয়োগ করা	apply - applied - applied
78.	beg	ভিক্ষা করা	beg - begged - begged
79.	believe	বিশ্বাস করা	believe - believed - believed
80.	boil	সিদ্ধ করা	boil - boiled - boiled
81.	carry	বহন করা	carry - carried - carried
82.	collect	সংগ্রহ করা	collect - collected - collected
83.	decorate	সজ্জিত করা	decorate - decorated - decorated
84.	dig	খনন করা	dig - dug - dug
85.	dye	রং করা	dye - dyed - dyed

86.	die	মারা যাওয়া	die - died - died
87.	hang	ঝুলানো	hang - hung - hung
88.	hang	ফাঁসি দেওয়া	hang - hanged - hanged
89.	hear	শোনা	hear - heard - heard
90.	look	তাকানো, দেখতে মনে হওয়া	look - looked - looked
91.	pay	পরিশোধ করা	pay - paid - paid
92.	recite	আবৃত্তি করা	recite - recited - recited
93.	rescue	উদ্ধার করা	rescue - rescued - rescued
94.	save	রক্ষা করা	save - saved - saved
95.	sink	ডুবে যাওয়া	sink - sank - sunk
96.	spend	ব্যয় করা	spend - spent - spent
97.	sting	হুল ফুটানো	sting - stung - stung
98.	strike	আঘাত করা	strike - struck - struck strike - struck - stricken
99.	win	জয়লাভ করা, জয় করা	win - won - won
100.	accept	গ্রহণ করা	accept - accepted - accepted
101.	admit	সত্য বলে স্বীকার করা, ভর্তি করা	admit - admitted - admitted
102.	appoint	নিয়োগ করা	appoint - appointed - appointed
103.	attend	মনোযোগ দেওয়া, উপস্থিত হওয়া, সেবা করা	attend - attended - attended
104.	change	পরিবর্তন করা	change - changed - changed
105.	check	পরীক্ষা করা, দমন করা	check - checked - checked
106.	claim	দাবী করা	claim - claimed - claimed
107.	confess	(দোষ) স্বীকার করা	confess - confessed - confessed
108.	control	নিয়ন্ত্রণ করা	control - controlled - controlled
109.	count	গণনা করা	count - counted - counted
110.	criticise	সমালোচনা করা	criticise - criticised - criticised
111.	demand	দাবী করা	demand - demanded - demanded
112.	disclose	প্রকাশ করা, ফাঁস করা	disclose - disclosed - disclosed
113.	display	প্রদর্শন করা	display - displayed - displayed
114.	earn	উপার্জন করা	earn - earned - earned
115.	feed	খাওয়ানো	feed - fed - fed
116.	fetch	কোন কিছু গিয়ে নিয়ে আসা	fetch - fetched - fetched
117.	flee	পলায়ন করা	flee - fled - fled
118.	foster	লালন -পালন করা	foster - fostered - fostered
119.	help	সাহায্য করা	help - helped - helped
120.	hit	আঘাত করা	hit - hit - hit
121.	hope	আশা করা	hope - hoped - hoped
122.	inform	জানানো	inform - informed - informed
123.	insist	জেদ করা	insist - insisted - insisted
124.	intend	মনস্থ করা, সংকল্প করা	intend - intended - intended
125.	lie	শয়ন করা, অবস্থান করা	lie - lay - lain



126.	lay	স্থাপন করা, ডিম পাড়া	lay - laid - laid
127.	lend	ধার দেওয়া	lend - lent - lent
128.	borrow	ধার করা	borrow - borrowed - borrowed
129.	lift	উত্তোলন করা	lift - lifted - lifted
130.	lose	হারানো	lose - lost - lost
131.	obey	মান্য করা	obey - obeyed - obeyed
132.	open	খোলা	open - opened - opened
133.	plough	চাষ করা, চাষাবাদ করা	plough - ploughed - ploughed
134.	cultivate	চাষ করা, চাষাবাদ করা	cultivate - cultivated - cultivated
135.	prepare	প্রস্তুত করা	prepare - prepared - prepared
136.	create	সৃষ্টি করা	create - created - created
137.	make	তৈরি করা	make - made - made
138.	prevent	বাধা দেওয়া	prevent - prevented - prevented
139.	protect	রক্ষা করা	protect - protected - protected
140.	protest	প্রতিবাদ করা	protest - protested - protested
141.	publish	(বই ইত্যাদি) প্রকাশ করা	publish - published - published
142.	receive	গ্রহণ করা, অভ্যর্থনা করা	receive - received - received
143.	reduce	হ্রাস করা	reduce - reduced - reduced
144.	remove	অপসারণ করা	remove - removed - removed
145.	move	নড়াচড়া করা, ঘোরা, জায়গা বদল করা	move - moved - moved
146.	sign	স্বাক্ষর করা	sign - signed - signed
147.	resign	পদত্যাগ করা	resign - resigned - resigned
148.	satisfy	সন্তুষ্ট করা	satisfy - satisfied - satisfied
149.	please	সন্তুষ্ট করা	please - pleased - pleased
150.	select	নির্বাচন করা, বাছাই করা	select - selected - selected
151.	elect	(ভোটে) নির্বাচিত করা	elect - elected - elected
152.	choose	পছন্দ করা, বাছাই করা	choose - chose - chosen
153.	nominate	মনোনয়ন দেওয়া	nominate - nominated - nominated
154.	add	যোগ করা	add - added - added
155.	subtract	বিয়োগ করা	subtract - subtracted - subtracted
156.	multiply	গুণ করা	multiply - multiplied - multiplied
157.	divide	ভাগ করা	divide - divided - divided
158.	calculate	হিসাব করা	calculate - calculated - calculated
159.	purchase	ক্রয় করা	purchase - purchased - purchased
160.	buy	ক্রয় করা	buy - bought - bought
161.	fight	যুদ্ধ করা	fight - fought - fought
162.	teach	শিক্ষা দেওয়া	teach - taught - taught
163.	catch	ধরা	catch - caught - caught
164.	bring	আনা	bring - brought - brought
165.	bring about	ঘটানো	bring about - brought about - brought about

166.	want	চাওয়া	want - wanted - wanted
167.	expect	প্রত্যাশা করা	expect - expected - expected
168.	kill	হত্যা করা	kill - killed - killed
169.	pray	প্রার্থনা করা	pray - prayed - prayed
170.	arrest	গ্রেফতার করা	arrest - arrested - arrested
171.	marry	বিবাহ করা	marry - married - married
172.	marry off	বিবাহ দেয়া	marry off - married off - married off
173.	punish	শাস্তি দেয়া	punish - punished - punished
174.	reward	পুরস্কার দেয়া	reward - rewarded - rewarded
175.	plant	রোপন করা	plant - planted - planted
176.	hesitate	ইতস্তত করা	hesitate - hesitated - hesitated
177.	worry	চিন্তিত হওয়া, চিন্তিত করা	worry - worried - worried
178.	perform	সম্পন্ন করা	perform - performed - performed
179.	mention	উল্লেখ করা	mention - mentioned - mentioned
180.	maintain	চালিয়ে নেওয়া	maintain - maintained - maintained
181.	produce	উৎপন্ন করা	produce - produced - produced
182.	listen	মনোযোগসহ শোনা	listen - listened - listened
183.	arrange	আয়োজন করা	arrange - arranged - arranged
184.	wait	অপেক্ষা করা	wait - waited - waited
185.	watch	মনোযোগসহ দেখা, পাহারা দেয়া	watch - watched - watched
186.	pull	টানা	pull - pulled - pulled
187.	push	ধাক্কা দেয়া	push - pushed - pushed
188.	observe	পর্যবেক্ষণ করা, উদযাপন করা	observe - observed - observed
189.	celebrate	উদযাপন করা	celebrate - celebrated - celebrated
190.	climb	আরোহণ করা	climb - climbed - climbed
191.	compare	তুলনা করা	compare - compared - compared
192.	destroy	ধ্বংস করা	destroy - destroyed - destroyed
193.	increase	বৃদ্ধি করা বা বৃদ্ধি পাওয়া	increase - increased - increased
194.	decrease	হ্রাস করা বা হ্রাস পাওয়া	decrease - decreased - decreased
195.	distribute	বিতরণ করা	distribute - distributed - distributed
196.	close	বন্ধ করা	close - closed - closed
197.	compromise	আপোস মিমাংসা করা	compromise - compromised - compromised
198.	promise	প্রতিজ্ঞা করা	promise - promised - promised
199.	encourage	উৎসাহিত করা	encourage - encouraged - encouraged
200.	discourage	নিরুৎসাহিত করা	discourage - discouraged - discouraged
201.	search	অনুসন্ধান করা, খোঁজা	search - searched - searched
202.	establish	প্রতিষ্ঠা করা	establish - established - established
203.	discuss	আলোচনা করা	discuss - discussed - discussed
204.	guide	পথ প্রদর্শন করা	guide - guided - guided
205.	warn	সতর্ক করা	warn - warned - warned

206.	struggle	সংগ্রাম করা, আশ্রাণ চেষ্টা করা	struggle - struggled - struggled
207.	memorise	মুখস্থ করা	memorise - memorised - memorised
208.	walk	হাঁটা	walk - walked - walked
209.	work	কাজ করা	work - worked - worked
210.	lament	বিলাপ করা	lament - lamented - lamented
211.	contribute	অবদান রাখা	contribute - contributed - contributed
212.	answer	উত্তর দেয়া	answer - answered - answered
213.	reply	উত্তর দেয়া	reply - replied - replied
214.	respond	সাদা দেয়া	respond - responded - responded
215.	inquire	অনুসন্ধান করা, জানতে চাওয়া	inquire - inquired - inquired
216.	reach	পৌঁছা	reach - reached - reached
217.	begin	শুরু করা	begin - began - begun
218.	start	শুরু করা	start - started - started
219.	stop	বন্ধ করা	stop - stopped - stopped
220.	send	পাঠানো	send - sent - sent
221.	get	পাওয়া	get - got - got
222.	see	দেখা	see - saw - seen
223.	propose	প্রস্তাব করা	propose - proposed - proposed
224.	agree	একমত হওয়া, রাজী হওয়া	agree - agreed - agreed
225.	disagree	একমত না হওয়া	disagree - disagreed - disagreed
226.	write	লেখা	write - wrote - written
227.	arrive	পৌঁছা	arrive - arrived - arrived
228.	depart	প্রস্থান করা	depart - departed - departed
229.	make	তৈরি করা	make - made - made
230.	create	সৃষ্টি করা	create - created - created
231.	break	ভাঙ্গা	break - broke - broken
232.	ask	জিজ্ঞাসা করা, কোন কিছু করতে বলা	ask - asked - asked
233.	decide	সিদ্ধান্ত নেয়া	decide - decided - decided
234.	come	আসা	come - came - come
235.	call	ডাকা	call - called - called
236.	comment	মন্তব্য করা	comment - commented - commented
237.	reserve	জমা করা, সংরক্ষণ করা	reserve - reserved - reserved
238.	preserve	সংরক্ষণ করা	preserve - preserved - preserved
239.	flow	প্রবাহিত হওয়া	flow - flowed - flowed
240.	digest	হজম করা	digest - digested - digested
241.	use	ব্যবহার করা	use - used - used
242.	enjoy	উপভোগ করা	enjoy - enjoyed - enjoyed
243.	resume	পুনরায় শুরু করা	resume - resumed - resumed
244.	enter	প্রবেশ করা	enter - entered - entered
245.	repair	মেরামত করা	repair - repaired - repaired

246.	refer	উল্লেখ করা, অর্পণ করা	refer - referred - referred
247.	praise	প্রশংসা করা	praise - praised - praised
248.	invite	আমন্ত্রণ করা	invite - invited - invited
249.	participate	অংশগ্রহণ করা	participate - participated - participated
250.	clean	পরিষ্কার করা	clean - cleaned - cleaned
251.	pollute	দূষিত করা	pollute - polluted - polluted
252.	support	সমর্থন করা	support - supported - supported
253.	improve	উন্নতি সাধন করা	improve - improved - improved
254.	study	অধ্যয়ন করা	study - studied - studied
255.	promise	প্রতিজ্ঞা করা	promise - promised - promised
256.	sacrifice	উৎসর্গ করা	sacrifice - sacrificed - sacrificed
257.	realise	অনুধাবন করা	realise - realised - realised
258.	return	ফিরে আসা/ ফিরে যাওয়া	return - returned - returned
259.	plan	পরিকল্পনা করা	plan - planned - planned
260.	solve	সমাধান করা	solved - solved - solved
261.	feel	অনুভব করা, উপলব্ধি করা	feel - felt - felt
262.	remember	স্মরণ করা	remember - remembered - remembered
263.	forget	ভুলে যাওয়া	forget - forgot - forgot
264.	depend	নির্ভর করা	depend - depended - depended
265.	attack	আক্রমণ করা	attack - attacked - attacked
266.	cancel	বাতিল করা	cancel - cancelled - cancelled
267.	like	পছন্দ করা	like - liked - liked
268.	prosper	উন্নতি করা	prosper - prospered - prospered
269.	shine	উন্নতি করা	shine - shone - shone shine - shined - shined
270.	forbid	নিষেধ করা	forbid - forbade - forbidden
271.	advise	উপদেশ দেয়া	advise - advised - advised
272.	request	অনুরোধ করা	request - requested - requested
273.	order	আদেশ করা	order - ordered - ordered
274.	inquire	জানতে চাওয়া	inquire - inquired - inquired
275.	wish	আকাঙ্ক্ষা করা, শুভ কামনা করা	wish - wished - wished

Adjective		Noun	
poor	দরিদ্র	poverty	দরিদ্রতা
necessary	প্রয়োজন	necessity	প্রয়োজনীয়তা
high	উঁচু	height	উচ্চতা
wise	বিজ্ঞ	wisdom	বিজ্ঞতা, প্রজ্ঞা
wide	প্রশস্ত	width	প্রশস্ততা
true	সত্য	truth	সত্যতা
strong	শক্তিশালী	strength	শক্তি

Adjective		Noun	
kind	দয়ালু	kindness	দয়া
false	মিথ্যা	falsehood	মিথ্যা
dry	শুষ্ক	dryness	শুষ্কতা
deep	গভীর	depth	গভীরতা
curious	কৌতুহলী	curiosity	কৌতুহল
certain	নিশ্চিত	certainty	নিশ্চয়তা
simple	সরল	simplicity	সরলতা
real	বাস্তব	reality	বাস্তবতা
mortal	মরণশীল	mortality	মরণশীলতা
hostile	শত্রুভাবাপন্ন	hostility	শত্রুভাবাপন্নতা
fertile	উর্বর	fertility	উর্বরতা
equal	সমান	equality	সাম্য
cruel	নিষ্ঠুর	cruelty	নিষ্ঠুরতা
popular	জনপ্রিয়	popularity	জনপ্রিয়তা
secret	গোপন	secrecy	গোপনীয়তা
private	ব্যক্তিগত	privacy	একান্ততা, ব্যক্তিগত গোপনীয়তা
accurate	যথার্থ	accuracy	যথার্থতা
urgent	জরুরি	urgency	প্রয়োজনীয়তা
assistant	সহকারী	assistance	সহায়তা
patient	ধৈর্যশীল	patience	ধৈর্যশীলতা/ ধৈর্য
confident	আত্মবিশ্বাসী	confidence	আত্মবিশ্বাস
obedient	অনুগত	obedience	আনুগত্য
independent	স্বাধীন	independence	স্বাধীনতা
honest	সৎ	honesty	সততা
beautiful	সুন্দর	beauty	সৌন্দর্য
punctual	সময়ানুবর্তী	punctuality	সময়ানুবর্তীতা
disciplined	নিয়মানুবর্তী	discipline	নিয়মানুবর্তীতা
dead	মৃত	death	মৃত্যু
alive	জীবন্ত	life	জীবন
great	মহান, বিরাট	greatness	মহত্ত্ব, মহানুভবতা
mean	নিচ, জঘন্য	meanness	নিচুতা
proud	গর্বিত, অহংকারী	pride	গর্ব, অহংকার
modest	শালীন	modesty	শালীনতা
able	সমর্থ, সক্ষম	ability	সামর্থ্য, সক্ষমতা
unable	অক্ষম	inability	অক্ষমতা
delightful	আনন্দিত	delight	আনন্দ
favourable	অনুকূল	favour	আনুকূল্য
adverse	প্রতিকূল	adversity	প্রতিকূলতা

## Live MCQ কী এবং কেন?

**Live MCQ** বাংলাদেশের প্রথম প্রতিযোগিতামূলক অনলাইন পরীক্ষাকেন্দ্র। বাংলাদেশের সকল প্রতিযোগিতামূলক পরীক্ষার (যেমন, বিসিএস ও বিভিন্ন চাকরির পরীক্ষা) প্রস্তুতির সময় পরীক্ষার্থীরা বেশ কয়েকটি সমস্যায় পড়েন, সেসব সমস্যার সমাধান করাই **Live MCQ** এর প্রধান লক্ষ্য। একটু বিস্তারিত বলা যাক -

বাংলাদেশের কয়েকটি চাকরির পরীক্ষা (যেমন, NTRCA, BJS) ছাড়া বাকি প্রায় সব চাকরির প্রিলি পরীক্ষা প্রতিযোগিতামূলক। আপনি পড়াশুনা করলেন, মডেল টেস্টের বইতে পরীক্ষা দিয়ে ভাল নাম্বার পেলেন আর ভাবলেন যে কাট মার্কতো এমনই থাকে তাই প্রস্তুতি ঠিক আছে। আসলেই কি তাই?

পরিসংখ্যান বলে, চাকরিভেদে প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করতে হলে আপনাকে প্রথম ৫-১০% এর মধ্যে থাকতে হবে। কিন্তু চূড়ান্ত পরীক্ষার আগে আপনি কোনভাবেই নিজের অবস্থান জানতে পারছেন না। কারণ, আপনি কখনোই প্রিলি পরীক্ষার আগে আপনার প্রতিদ্বন্দ্বীদের সাথে পরীক্ষা দেয়ার সুযোগ পাচ্ছেন না। যেমন, বিসিএসের প্রিলির জন্য আপনি একা একা মডেল টেস্ট দিয়ে যে প্রশ্নে ১১০ পেলেন এবং আগের বছরের কাট মার্কগুলো দেখে নিশ্চিত ভেবে বসলেন যে প্রস্তুতি ঠিক আছে। আদতে দেখা যাবে, সেই একই প্রশ্নে পরীক্ষা হলে, ৪ লাখ পরীক্ষা দিলে, ২৫ হাজার পাবেন ১২০ এর উপরে। পুরোটাই নির্ভর করছে প্রশ্ন কঠিন না সহজ হল তার উপর। অর্থাৎ, এই প্রশ্নে পরীক্ষা হলে আপনার পাশ করার কোন সম্ভাবনা নেই বললেই চলে।

প্রস্তুতির প্রকৃত অবস্থান জানতে আপনি যাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করবেন ঠিক তাদের সাথেই পরীক্ষা দিতে হবে। একা নয়।

**Live MCQ** আপনাকে সেই সুযোগটি করে দিয়েছে। **Live MCQ** ব্যবহার করে, আপনি-

- ঘরে বসেই বিসিএস এবং অন্যান্য চাকরির জন্য প্রস্তুতি নিতে পারবেন।
- চূড়ান্ত পরীক্ষার মত একটি নির্দিষ্ট সময়ে হাজারো পরীক্ষার্থীর সাথে পরীক্ষায়/মডেল টেস্টে অংশগ্রহণ করার সুযোগ পাবেন।
- একই 'মডেল টেস্ট' সকল প্রতিযোগীর সাপেক্ষে আপনার প্রস্তুতি এবং অবস্থান সম্পর্কে জানতে পারবেন।
- কোন প্রকার আলাদা পরিশ্রম ও সময় ব্যয় না করে প্রতিটি প্রশ্নের ব্যাখ্যাসহ বিস্তারিত ফলাফল লাভ করবেন।
- আপনি যে কোন সময় পুরনো প্রশ্নপত্র দেখতে ও পড়তে পারবেন।

**Live MCQ** এর অন্যতম বৈশিষ্ট্যসমূহঃ

- ✓ প্রকৃত প্রতিযোগীদের সাথে একই সময়ে **LIVE** মডেল টেস্ট
- ✓ পুরোপুরি বিজ্ঞাপনমুক্ত (Ad Free)
- ✓ চূড়ান্ত পরীক্ষা সম্পন্ন হওয়ার পূর্ব পর্যন্ত নিয়মিত মডেল টেস্ট
- ✓ সহজে ব্যবহার উপযোগী অ্যাপ এবং ওয়েবসাইট

প্রতিযোগিতার পরীক্ষায় প্রতিযোগিতার মাধ্যমেই প্রস্তুতি নিন। আপনি এই দুইটির যেকোনো একটির মাধ্যমে আমাদের প্ল্যাটফর্ম ব্যবহার করতে পারবেনঃ

এন্ড্রয়েড অ্যাপঃ **Live MCQ** [Play Store Link] (5MB)

ওয়েবসাইটঃ <https://livemcq.com/app/>

আমরা বিশ্বাস করি যে, **Live MCQ** আপনার প্রস্তুতিকে একধাপ এগিয়ে নিয়ে আপনার চূড়ান্ত লক্ষ্যে পৌঁছে দিতে সহযোগিতা করবে।

আপনার উজ্জ্বল ভবিষ্যতের জন্য শুভকামনা ও অকৃত্রিম ভালোবাসা রইল।

CrackTech, Bangladesh.